

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৩৬.১৮- ২২৪২

তারিখঃ

২৭ কার্তিক, ১৪২৫
২৩ নভেম্বর, ২০১৮

বিষয় : রীট পিটিশন নং ৯৮৩৬/২০১৮ জনাব মোঃ মফিজুর রহমান, পিতা মোঃ ওলিয়ার রহমান, ইস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নন্দীগ্রাম, বগুড়া গং বনাম সরকার মামলায় দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।


সূত্রঃ ১। স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৩৬.১৮-১০৪৮, তারিখঃ ০৯.১০.২০১৮।
২। স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৩৬.১৮-১০৫৫, তারিখঃ ১০.১০.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মফিজুর রহমান, পিতাঃ মোঃ ওলিয়ার রহমান, ইস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নন্দীগ্রাম, বগুড়াসহ অন্য জেলা ও উপজেলার মোট ০৯ (নয়) জন ইস্ট্রাক্টর মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৯৮৩৬/২০১৮ দায়ের করেছেন। পিটিশনারগণ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্ট পদে পদোন্নতির দাবীতে এবং একই সাথে তাঁদের সমমানের গ্রেডভুক্ত অথবা অনুরূপ পদ যেমন সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং সহকারি সুপারিনটেনডেন্ট, পিটিআই, পদধারী কর্মকর্তাদেরকে তাঁদের কর্মরত প্রতিষ্ঠান, ইউআরসি ও বিদ্যালয় পরিদর্শনে নিযুক্ত না করার দাবীতে উক্ত রীট পিটিশনটি দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৪নং রেসপনডেন্ট, অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৫নং সহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহামান্য আদালত ২৮.০৮.২০১৮ তারিখে রেসপনডেন্টদের প্রতি রুল নিশি ইস্যুসহ ০৩ (তিন) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। পরবর্তীতে মহামান্য আদালত ৩১.১০.২০১৮ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন।
Let the leave petition be posted for hearing in the list on 26th November, 2018 and stay, as prayed for, is granted till that date.

২। রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজি জবাব প্রস্তুতপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ১নং ও ২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে এবং আরজির কপি, ওকালতনামা ও ক্ষমতাপর্ণপত্র প্রদান করা হয়েছে। রীট পিটিশনটির বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত রীট পিটিশনটির Statement of facts (SF) এবং সরকার পক্ষের রেকর্ডসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১। রীট পিটিশনটির Statement of facts (SF)
২। আরজির কপি, সরকার পক্ষের রেকর্ডসমূহ।

মোট- ২৬ পাতা।


(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)

জনাব এডভোকেট শেখ শফিক মাহমুদ
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স।
চেম্বার নং এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।


স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৩৬.১৮- ২২৪২/২

তারিখঃ

২৭ কার্তিক, ১৪২৫
২৩ নভেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সহকারি সচিব (আইন শাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংরক্ষণ নথি।


(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)।